



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

## প্রেস-রিলিজ

তারিখ: ২৫/০৭/২০১৮ খ্রি:

### প্রধানমন্ত্রী স্বর্ণপদক পেলেন

### বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৩ মেধাবী শিক্ষার্থী

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঙ্গুরী কমিশন (ইউজিসি) কর্তৃক প্রবর্তিত “প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৭” পেলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৩ মেধাবী শিক্ষার্থী। অদ্য ২৫ জুলাই ২০১৮ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ পদক প্রদান করা হয়। পদক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা। প্রধানমন্ত্রী স্বর্ণপদক প্রাপ্ত বরিশাল বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থীরা হলেন সামাজিক বিজ্ঞান অনুষদের অধীন অর্থনীতি বিভাগের ২০১১-১২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী সোমা রানী সরকার যার প্রাপ্ত সিজিপিএ-৩.৯৬, ব্যবসায় শিক্ষা অনুষদের অধীন ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের ২০১১-১২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী তন্মী দেবনাথ যার প্রাপ্ত সিজিপিএ-৩.৯৪ এবং কলা ও মানবিক অনুষদের অধীন ইংরেজি বিভাগের ২০১১-১২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী সুরাইয়া আক্তার সুমনা যার প্রাপ্ত সিজিপিএ-৩.৬৩। বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) শ্রেণির পরীক্ষার চূড়ান্ত ফলাফলে সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় এই ৩ শিক্ষার্থী “প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৭” এর জন্য মনোনীত হন। মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নিকট থেকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৩ মেধাবী শিক্ষার্থী স্বর্ণপদক গ্রহণ করেন। এসময় শিক্ষামন্ত্রী, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঙ্গুরী কমিশন (ইউজিসি) এর চেয়ারম্যান, শিক্ষা সচিব, প্রধানমন্ত্রী কার্যালয়ের উর্ধ্বর্তন কর্মকর্তা বৃন্দ, বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হকসহ অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ উপস্থিত ছিলেন। এক প্রতিক্রিয়ায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয় বলেন, নবীন বিশ্ববিদ্যালয় হিসেবে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৩ কৃতি শিক্ষার্থী “প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৭” অর্জন অত্যন্ত গৌরব ও আনন্দের বিষয়। এ অর্জন শুধুমাত্র বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের নয়, এ অর্জন সমগ্র বরিশালবাসীর। আর এ অর্জনকে ভবিষ্যতের প্রেরণা হিসেবে নিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণায় অচিরেই একটি আন্তর্জাতিক মানের বিশ্ববিদ্যালয়ে পরিণত হবে এ প্রত্যাশা ব্যক্ত করেন উপাচার্য মহোদয়। উক্ত অনুষ্ঠানটি বরিশাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রজেষ্ঠের মাধ্যমে শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা করেন। উল্লেখ্য ইতোপূর্বে বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রথম শিক্ষার্থী হিসেবে গনিত বিভাগের মেধাবী শিক্ষার্থী ফৌজিয়া শারমিন নিরা প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৫-২০১৬ গ্রহণ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস